গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উদ্যোগে মাঠ দিবস

মেহেরপুরের গাংনী পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)- সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায় উচ্চফলনশীল নতুন জাতের ফসল চাষ (থাই গেন্ডারী) প্রদর্শনীর আওতায় মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার দুপুরে কাজীপুর শাখার হাড়াভাঙ্গা গ্রামে সদস্যের (গেন্ডারী প্রদর্শনী) জমির পাশে ৭৫ জন কৃষক কৃষাণী নিয়ে একটি মাঠ দিবসের আয়োজন করা হয় । উক্ত মাঠ দিবসে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মোহা: ইমরান হোসেন ।

কাজিপুর শাখার শাখা ব্যবস্থাপক, স্থানিয় ইউপি সদস্য মো: মহিবুল ইসলাম, স্থানিয় স্কুল শিক্ষক মো: মুখলেছুর রহমান, ও সমন্বিত কৃষি ইউনিটের কর্মকর্তাবৃন্দ।

উক্ত অনুষ্ঠানে অতিথিগন উচ্চফলনশীল নতুন জাতের ফসল চাষ (থাই গেন্ডারী) চাষের পদ্ধতি, গুরুত্ব,বালাইদমন ব্যবস্থাপনা, আখজাত দ্রব্য উৎপাদন ও বিপনন নিয়ে গঠনমূলক আলোচনা করেন। এ সময় স্থানিয় চাষিগণ উচ্চমূল্যের ফসল চাষ (থাই গেন্ডারী) চাষে আগ্রহ প্রকাশ করেন

মেহেরপুরের আমঝুপিতে মাঠ দিবস অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলা আমঝুপিতে মাঠ দিবস অনুষ্ঠিত হয় বিকাল ৪ টায় অনুষ্ঠানের নজরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ছিলেন উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলার কৃষি অফিসার আলমগীর হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারন অফিসার জাহিদ হাসান , অনুষ্ঠান সঞ্চালন করেন উপ সহকারি কর্মকর্তা আশরাফুল আলম।

প্রধান অতিথি তার বক্তব্যই বলেন নিরাপদ খাদ্য নিশ্চিত করতে কৃটনাশক ঔষধ ব্যবহার থেকে বিরত থাকার পরামর্শ দেন তার বিকল্প পথ হল ফেরোমন ফাঁদ তৈরি করে সবজি খেতে টাঙ্গানোর জন্য বলেন।

বিশেষ অতিথি বলেন রাসায়নিক সার অল্প ব্যবহার করেন এবং জৈব সার ব্যবহারে অধিক গুরুত্ব দেন এবং কৃষকভাইয়েরা অধিক ফলন পাবেন কৃষক প্রতিনিধি হিসেবে বক্তব্য রাখেন শহিদুল ইসলাম তার বক্তব্যে তিনি বলেন বর্তমানে লাউ চাষ করে সফলতা পেয়েছি এবং জৈব সার ব্যবহার করে অধিক ফলন পেয়েছি কৃষি কর্মকর্তাদের সহযোগিতা নিয়ে ফেরোমনফাঁদ তৈরি করে কৃটনাশক সবজি বাজারে রপ্তানি করেছি।বর্তমানে শহিদুল ইসলামের ৫ একর লাউ ক্ষেত আছে এবং সে ১৫ লক্ষ টাকার আশাবাদি।

মিরপুরে দিশা’র উদ্যোগে তামাকের বিকল্প ফসলের মাঠ দিবস অনুষ্ঠিত

কুষ্টিয়ার মিরপুরে তামাক চাষ নিয়ন্ত্রণে বিকল্প ফসল উৎপাদনে কৃষকদের নিয়ে দিশা’র মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

সোমবার দুপুরে মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়নের তাঁতীবন্দ এলাকায় এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে ও স্বেচ্ছাসেবী আর্থ-সামাজিক উন্নয়ন ও মানবিক কল্যাণ সংস্থা ‘দিশা’র সমম্বিত কৃষি ইউনিটভুক্ত উদ্যোগে মিরপুরে তামাক চাষ নিয়ন্ত্রণে বিকল্প ফসল উৎপাদন ও বহুমুখী আয়ের উৎস সৃষ্টি প্রকল্পের আওতায় মাঠ দিবস অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

‘দিশা স্বেচ্ছাসেবী আর্থ-সামাজিক উন্নয়ন ও মানবিক কল্যাণ সংস্থা’র কারিগরী কর্মকর্তা কৃষিবীদ জিল্লুর রহমান, দিশা কৃষি অফিসের মাঠ পর্যায়ের কৃষি কর্মকর্তা এনামুল হক, শীতল হোসাইন, সহকারী প্রাণিসম্পদ মোঃ মোস্তাফিজুর রহমান মিলন, সাবেক মেম্বার

আশাদুল ইসলাম ভুট্টোসহ স্থানীয় গণ্যমান্য ব্যাক্তিবর্গ ও কৃষি/কৃষাণীরা উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, দিশা’র উদ্যোগে কয়েক বছর ধরে মিরপুর উপজেলায় বেশকিছু এলাকায় তামাকের পরির্বতে সরিষা, শস্য ও তৈলবীজ জাতীয় ফসল ও তরমুজসহ বিভিন্ন ফল বাগানে ও সবজি উৎপাদনে চাষবাদ করেছেন কৃষকেরা। আমার আশা একদিন তামাক চাষিরা তামাক চাষ ছেড়ে ফসল উৎপাদনে চলে আসবে। মাঠ দিবসে স্থানীয় কয়েক শত কৃষক কৃষাণী অংশগ্রহন করেন ।

দামুড়হুদায় লাল তীর সীডের উদ্যোগে তুলা চাষের উপর মাঠ দিবস অনুষ্ঠিত

দামুড়হুদায় লাল তীর সীড লিমিটেডের উদ্যোগে তুলা চাষের উপর মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে নতুন বাস্তুপুর ঈদগাহ মাঠে হাইব্রিড তুলা বীজ ডিএম-৪ জাতের ফলন বিষয়ক কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

লাল তীর সীডের জেনারেল ম্যানেজার কৃষিবিদ বসির উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত মাঠ দিবসে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ তুলা উন্নয়ন বোর্ডের ডেপুটি ডাইরেক্টর কৃষিবিদ ড. কামরুল হাসান।

বিশেষ অতিথি ছিলেন তুলা উন্নয়ন বোর্ড চুয়াডাঙ্গা জোনের সিসিডিও কৃষিবিদ শেখ আল মামুন, তুলা উন্নয়ন বোর্ডের মেহেরপুর জোনের সিসিডিও কৃষিবিদ এজাজুল ইসলাম, লাল তীর সীডের ডিভিশনাল ম্যানেজার কৃষিবিদ কামরুল হাসান ও দামুড়হুদা তুলা অফিসের কটন ইউনিট অফিসার বিদ্যুৎ চন্দ্র দাস।

এলাকার দুই শতাধিক তুলাচাষির উপস্থিতিতে অনুষ্ঠিত মাঠ দিবসে তুলা চাষের জমি নির্বাচন, বীজ ভিজানো ও বপন পদ্ধতি, অন্তবর্তীকালীন পরিচর্যা ও ফসল সংগ্রহ বিষয়ে আলোকপাত করা হয়। লাল তীর সীড ডিএম-

৪ জাতের তুলা চাষ করে ভাল ফলন পেয়েছেন বলে জানান উপস্থিত তুলা চাষিরা। পরিশেষে তুলাচাষী নাসির উদ্দীনের তুলাক্ষেত পরিদর্শন করা হয়। মাঠ দিবসটি পরিচালনা করেন লাল তীর সীডের মেহেরপুর রিজিওনাল ম্যানেজার কৃষিবিদ আবু রায়হান।

কুষ্টিয়ায় “স্নো হোয়াইট” ফুলকপির মাঠ দিবস অনুষ্ঠিত

কুষ্টিয়ায় এসিআই কর্তৃক বাজারজাতকৃত “স্নো হোয়াইট” ফুলকপির মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। মিরপুর উপজেলার পোড়াদহ ইউনিয়নের আদর্শ কৃষক মোঃ জনি আহম্মেদের মাঠে এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

উক্ত মাঠ দিবসে উপস্থিত ছিলেন,এসিআই সীডের রিজিওনাল ক্যাম্পেইন ম্যানেজার মোঃ জাকির হোসেন সরদার, এরিয়া সেলস ম্যানেজার মোঃ আনোয়ার হোসেন, মার্কেটিং অফিসার মেহেদী হাসান এবং ব্রান্ড প্রোমোটার ফিরোজ আলীসহ অন্যান্য কর্মকর্তা বৃন্দসহ প্রায় শতাধিক আদর্শ কৃষক এবং রিটেইলার উপস্থাপন ছিলেন।

মাঠ দিবসে জানানো, ফুলকপি একটি উচ্চ মূল্যের ফসল। উক্ত এলাকার আদর্শ চাষী জনি আহম্মেদ বর্তমানে প্রত্যেক পিস ফুলকপি ৩৫- ৩৮ টাকা দরে বিক্রি করছেন। সেই হিসেবে,তার এক একর জমিতে ১০ হাজার ফুলকপি প্রায় সাড়ে তিন লক্ষ টাকা বিক্রি করতে পারবেন বলে জানান।

যেখানে চাষাবাদে ৬৫ হাজার টাকা খরচ হয়েছে। বর্তমান বাজার মূল্য ভালো থাকায় ৬০-৬৫ দিনে ১.৫- ২ কেজি ওজনে বিক্রি করছেন, তবে স্নো হোয়াইট ফুলকপি ৩-৪ কেজি ওজনের বেশি হয় বলে জানান। এতে উপস্থিত আদর্শ কৃষকগণ এই জাতটি আগামী মৌসুমে ব্যাপক হারে চাষাবাদ করতে আগ্রহী হন।

[illegible]

[illegible]

[illegible]

[

১৪০/১৫০ জন তুলা চাষীদের অংশ গ্রহনে কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়। আমন্ত্রিত চাষীদের মাঝে প্রাইমার্কের সৌজন্যে একটি করে টি- শাট গেঞ্জি প্রদান করা হয়।